# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
জেনারেল ক্রেডিট বিভাগ।
www.krishibank.org.bd

সার্কুলার লেটার নং- বিকেবি-প্রকা/জেঃক্রেবি/১/৩(৭)/২০২৩-২০২৪/ ২৪৭৭ (২২৩৪) তারিখঃ ১৯.০২.২০২৪

বিষয়ঃ <u>জামানতবিহীন ঋণ প্রদানের নীতিমালা আংশিক সংশোধন প্রসঙ্গে।</u>

শিরোনামে বর্ণিত বিষয় এর প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ১৫/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৫১তম সভায় প্রাণিসম্পদ খাতের আওতায় গরু মোটাতাজাকরণ ও গাভী পালন খাতে জামানতবিহীন ঋণ প্রদানের কার্যক্রম ত্বরান্বিত করার স্বার্থে আলোচ্য খাতে ঋণ প্রদান করার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ নং-৫.০৬.০২ এর খ(২) এবং ৫.০৬.০৩ এর বিদ্যমান শর্তাবলি নিম্নোক্তভাবে সংশোধন করা হয়েছেঃ-

| ক্রঃ নং | ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ নং | বিদ্যমান শর্তাবলি | পর্ষদ কর্তৃক অনুমোদিত শর্তাবলি |
|---|---|---|---|
| ক) | ৫.০৬.০২ এর খ (২) | খামারের ভূমি স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্তে খামার/ বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল, খতিয়ান এর কপি ও হালসনের খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজ পত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরত প্রদান করা হবে মর্মে মঞ্জুরি পত্রে উল্লেখ করতে হবে। | খামারের ভূমি স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্তে খামার/ বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল/ খতিয়ান এর কপি/খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজপত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরত প্রদান করা হবে মর্মে মঞ্জুরিপত্রে উল্লেখ করতে হবে। |
| খ) | ৫.০৬.০৩ | অনুর্ধ্ব ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত শুধুমাত্র গাভী ক্রয়ের ক্ষেত্রে সহায়ক জামানতের প্রয়োজন নেই। খামারের ভূমি স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্তে খামার/ বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল, খতিয়ান এর কপি ও হালসনের খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজ পত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরৎ প্রদান করা হবে মর্মে মঞ্জুরীপত্রে উল্লেখ করতে হবে। তবে ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে বিধি মোতাবেক জামানত দ্বারা আবৃত থাকতে হবে। এছাড়াও খামারের ভূমি উদ্যোক্তার নামে থাকতে হবে যা ব্যাংক বরাবর যথানিয়মে বন্ধক প্রদান করতে হবে। | অনুর্ধ্ব ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত শুধুমাত্র গাভী ক্রয়ের ক্ষেত্রে সহায়ক জামানতের প্রয়োজন নেই। খামারের ভূমি স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্তে খামার/ বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল/খতিয়ান এর কপি/ খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজপত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরৎ প্রদান করা হবে মর্মে মঞ্জুরিপত্রে উল্লেখ করতে হবে। তবে ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে বিধি মোতাবেক জামানত দ্বারা আবৃত থাকতে হবে। এছাড়াও খামারের ভূমি উদ্যোক্তার নামে থাকতে হবে যা ব্যাংক বরাবর যথানিয়মে বন্ধক প্রদান করতে হবে। |

০৩। এছাড়া একই পর্ষদ সভায় জামানতবিহীন ঋণ প্রদান কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইতিপূর্বে জারিকৃত অত্র বিভাগের ২৬/০৮/২০১৮ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৭/২০১৮, ১৮/২০১৮, ১৯/২০১৮ মুলে লেয়ার মুরগী, ব্রয়লার মুরগী ও কাঁকড়া চাষ সংক্রান্ত নীতিমালায় ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অন্তর্ভুক্ত করা হয়েছেঃ-

| | |
|---|---|
| শর্তাবলি: | খামারের ভূমি স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্ত খামার/ বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল/ খতিয়ান এর কপি/খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজপত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরত প্রদান করা হবে মর্মে মঞ্জুরি পত্রে উল্লেখ করতে হবে। |

চলমান পাতা-০২

বিষয়ঃ জামানতবিহীন ঋণ প্রদানের নীতিমালা আংশিক সংশোধন প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, জামানতবিহীন ঋণ প্রদান কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বর্ণিত নির্দেশনাবলি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এক্ষেত্রে প্রাণিসম্পদ খাতে ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত বিনা জামানতে ঋণ প্রদানের ক্ষেত্রে উল্লিখিত সার্কুলারসমূহের এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ নং-৫.০৬.০২, ৫.০৬.০৩ ও ক্রেডিট বিভাগের ০৫-০৪-২০২৩ তারিখের সার্কুলার নং-২৩৯৭ এ বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত

১৯/০২/২০২৪

(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭৭১১৫৩৪৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং - বিকেবি-প্রকা/জেঃক্রেবি/১/৩(৭)/২০২৩-২০২৪/ ১৪৭৭(২২৫০) তারিখঃ ১৯.০২.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৯/০২/২৪

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
dgmlad1@krishibank.org.bd
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১